

'এবং মহুয়া'-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ(UGC-CARE list-I 2021)

অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত।

২০২১সালে প্রকাশিত ১৬পৃ.তালিকার(৩১৯টির মধ্যে) ৩ পৃ. ৬০নং উল্লেখিত।

# এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩তম বর্ষ, ১৩৭ সংখ্যা

আগস্ট, ২০২১

সম্পাদক

ড. মদনমোহন বেরা

সহসম্পাদক

পায়েল দাস বেরা

মৌমিতা দত্ত বেরা

যোগাযোগ :

ড. মদনমোহন বেরা, সম্পাদক।

গোলকুয়াচক, পোস্ট-মেদিনীপুর, ৭২১১০১, জেলা-প.মেদিনীপুর, প.বঙ্গ।

মো.-৯১৫৩১৭৭৬৫৩

কে.কে. প্রকাশন

গোলকুয়াচক, মেদিনীপুর, পশ্চিমবঙ্গ।

**U.G.C.- CARE List-I 2021 approved journal, Indian  
Language-Arts and Humanities Group, out of 16 pages  
placed in Page 3 & No.60 out of 319**

## **EBONG MOHUA**

**Bengali Language, Literature, Research and Referred with  
Peer-Review Journal**

**23th Year, 137 Volume**

**Aug, 2021**

**Published By**

**K. K. Prakashan**

**Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.**

**DTP and Printed By**

**K.K.Prakashan**

**Cover Designed By**

**Kohinoorkanti Bera**

**Special Editorial Co-ordinator**

**Amit Kumar Maity**

**Communication :**

**Dr. Madanmohan Bera, Editor.**

**Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.**

**Mob.-9153177653**

**Email- madanmohanbera51@gmail.com /**

**kohinoor bera @ gmail.com**

**Rs 500**

১৭. 'কালপুরুষ' উপন্যাসের মাধবীলতা: ব্যক্তিত্বাত্মক ভাবের এক নারী :: কাজী মাসুদা খাতুন.....	১৩৩
১৮. বাংলার নবজাগরণ : একটি মূল্যায়ন :: কৌত্তভ গৌতম.....	১৪১
১৯. জয়া গোয়ালার উপন্যাস 'মুগাধুটির লাল ধূল': শ্রমজীবী মানুষের জীবনকথা :: মঞ্জুরী বিশ্বাস.....	১৪৬
২০. সৌমিত্র চট্টোপাধ্যায়ের আত্মজৈবনিক নাটক 'তৃতীয় অঙ্ক, অন্তঃপ্রবেশ' : একটি বিশ্লেষণী পাঠ :: মহঃ গিয়াসউদ্দিন.....	১৫৩
২১. গান্ধীজীর দর্শনে অহিংসার ধারণা :: পারমিতা রায়.....	১৬৬
২২. নাথধর্ম ও বাংলার মহানাদ :: পৃথ্বীশ কুমার বিশ্বাস.....	১৭০
২৩. ক্রীড়া জীবন ও মতি নন্দীর ছোটগল্প :: প্রিয়ান্বিতা মৈত্র.....	১৭৭
২৪. প্রবর্তক সত্বে এবং গান্ধীজী :: প্রিয়রঞ্জন সরকার.....	১৮৩
২৫. উপনিবেশিক শাসনকালে বীরভূমের 'তসর শিল্প'(১৮৫৮-১৯৪৭) :: রামকৃষ্ণ সাহা.....	১৯২
২৬. নন্দকুমার দেববর্মার 'অতলাস্তিকা' উপন্যাস : একটি বিশ্লেষণ :: রাজীব চন্দ্র পাল.....	১৯৬
২৭. নিয়তি: কেন বাধাতে? : অভিজ্ঞানশকুন্তলম্ :: সবিতা মণ্ডল.....	২০৪
২৮. আঠারো শতক থেকে একুশ শতকে দুর্গাপূজার সাংস্কৃতিক বিবর্তনে কুমোরটুলির মুৎশিল্পীবন্দ :: সৈকত মণ্ডল.....	২০৯
২৯. সংবাদপত্রে বৈবাহিক বিজ্ঞাপনের বিবর্তন (১৯৯০-২০১৫) :: সঙ্গীতা দাস.....	২২৩
৩০. 'শূদ্রায়ণ' ও 'রত্নাকর' : রামায়ণ কাহিনির আধুনিক বিন্যাস :: সঞ্জয় দেবনাথ.....	২৩২
৩১. অমিত মৈত্রের 'শিখড়িনী' : নারী মুক্তির আধুনিক কণ্ঠস্বর :: সিদ্ধার্থ খাঁড়া.....	২৩৯
৩২. ভারতবর্ষে স্বপ্নমৃত্যুর গ্রহণযোগ্যতা :: সৌমিত্র দাস.....	২৪৮
৩৩. প্রসঙ্গ : রায়গঞ্জ পৌরসভার উন্মেষের ইতিকথা :: সুজাতা আলী.....	২৫৬
৩৪. অনিল ঘড়াইয়ের 'নুনবাড়ি' উপন্যাসে জীবন-ক্রীড়িকার সংকট :: সুখেন মণ্ডল.....	২৬০

# অমিত মৈত্র-র 'শিখণ্ডিনী' : নারী মুক্তির আধুনিক কণ্ঠস্বর সিদ্ধার্থ খাঁড়া

স্বাধীনতা-উত্তর বাংলা নাট্যকারদের মধ্যে উল্লেখযোগ্য হলেন নাট্যকার অমিত মৈত্র। মহাভারতের কাহিনিকে বহুমানকালের প্রেক্ষণবিন্দুর সঙ্গে যুক্ত করে তিনি বহু নাটক লেখেন। প্রাক স্বাধীনতা ও উত্তর স্বাধীনতা পর্বের আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটকে ব্যবহার করে 'পঞ্চপাণ্ডবানী' (২০০৯), 'শিখণ্ডিনী' (২০০৮), 'একটি আদিম প্রেমকথা' (২০১৩) এবং 'শাস্ত্র' (২০১৫) প্রভৃতি মহাভারত কেন্দ্রিক নাটক লিখেছেন অমিত মৈত্র। তাঁর এই নাটকগুলির মধ্যে নারী মুক্তির প্রসঙ্গ ও সমাজ বাস্তবতা ব্যক্ত হয়েছে। উত্তর আধুনিক ভোগবাদ ও পুরুষের যৌনতার ফেঙ্কাচার নাটকগুলির মধ্যে প্রতিকলিত হয়েছে। আমার আলোচ্য 'শিখণ্ডিনী' নাটকে নারীর প্রতিবাদী কণ্ঠস্বর পুরুষের বিরুদ্ধে গর্জে উঠেছে। নারীর ব্যক্তিস্বাধীনতার অধিকার প্রতিষ্ঠিত করার লড়াই এই নাটকের মধ্যে ফুটে উঠেছে। শ্রেণি বৈষম্য ও শ্রেণি সংগ্রাম নাটকের কাহিনি ও চরিত্রের মধ্যে বিরোধ ও দ্বন্দ্ব তৈরি করেছে। আর্থ অধিপত্য ও প্রভুত্ব প্রতিষ্ঠার জন্য আর্থ ও অনার্যের মধ্যে চিরন্তন বিরোধের লড়াই নাটকগুলির মধ্যে ব্যক্ত হয়েছে। জাত বৈষম্য ও লিঙ্গ বৈষম্য প্রভৃতি দৃষ্টিভঙ্গি নাটকের বিষয়ের অন্তর্ভুক্ত হয়েছে।

অমিত মৈত্রের 'শিখণ্ডিনী' বহুরূপী পত্রিকায় ২০০৭ সালে প্রকাশিত হয়। বিশ শতকের শেষার্ধ্বে সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটকে নিয়ে শিখণ্ডিনী নাটক লেখা হয়েছে। নারীর সম্মান, মর্যাদা ও অধিকার ফিরে পাবার লড়াই এই নাটক। তাঁর সমাজ ব্যবস্থার পুরুষতান্ত্রিক স্বর। যার বিরুদ্ধে বিদ্রোহ করেছে শিখণ্ডিনী। পুরুষতন্ত্রের বিরুদ্ধে মাতৃতন্ত্রের বিদ্রোহ ও প্রতিবাদ ব্যক্ত এই নাটকে। প্রেম, নির্ভরতা তথা আশ্রয়ের কারণে বারবার অহা নিযাতিত হয়েছেন ব্যক্তি, পরিবার, সমাজ ও সমাজ ছাড়িয়ে রাফ্টের কাছে। প্রতিশোধের বাসনা অহার জন্মান্তরের মধ্যে দিয়ে সার্থক হয়েছে। অহা গোটা নারী জাতির হয়ে প্রতিবাদের ইস্তেহার পুরুষতান্ত্রিক সমাজের বিরুদ্ধে ব্যক্ত করেছে। যে প্রতিবাদ ও বিদ্রোহ এই নাটকের উপজীব্য বিষয় হয়ে উঠেছে।

মেয়েদের জীবনের সমস্যাগুলো মূলত সমাজের পুরুষ তথা পরিবারের দ্বারা সৃষ্টি। নারী মুক্তি আন্দোলনের অগ্রদূত বেগম রোকেয়া এ প্রসঙ্গে তাঁর 'নারী শিক্ষা